

ওরে মৃত্যু এ নয় সত্যের জয়
 সত্যের পথে জীবন দান—
 জেগেছে জনতা দশকোটি আজ
 এক দেহ এক প্রাণ ॥

জাগে জামানার নয়া হায়দার
 গর্জনে কাঁপে গিরি কান্তার,
 কে আছিস ওরে আল্লাহর পথে
 হবি আজ কোরবান ॥

স্বদেশ আমার পাক আমানত
 হাতে হাতিয়ার বৃকে হিন্দুত,
 জেগেছে হাজার সালাদিন আজ—
 দূর হঠাে শয়তান ॥

[ছই]

আমরা মুসলমান

আমরা মুসলমান।

আল্লাহ ছাড়া কভু করে নাহি ডরি

যেখানে জুলুম সেখানে জেহাদ করি ॥

আমরা দস্ত করিনাকো শক্তির

আল্লাহর বাণী আমাদের শমশির ॥

আমাদের বৃকে শূখা আছে কলেমার

হাতে বলসায় স্রায়ের জুলফিকার ॥

অন্ধকারের বন্ধে আঘাত হানি

রক্ত রঙীন সুন্দর দিন আনি ॥

অস্রায় আর মিথ্যার সাথে মোরা

করিনা আপোষ হানি মৃত্যুর কোড়া ॥

আমাদের চোখে জলে ঈমানের শিখা

জাহিলিয়াতের আধারে অগ্নিটাকা ॥

সুন্দর যেথা আমরা সেখানে আছি

বৃকে সন্ত্যের সৌরভ নিয়ে বাঁচি ॥